রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১১, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ আশ্বিন ১৪১৯ বঙ্গাব্দ/০৪ অক্টোবর ২০১২ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং ৩৩৯-আইন/২০১২।**—যেহেতু স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ৬৬ এ সরকার কর্তৃক প্রাক-প্রকাশনার মাধ্যমে ইউনিয়ন পরিষদের জন্য আদর্শ কর তফসিল প্রণয়নের বিধান রহিয়াছে;

সেহেতু সরকার, সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে, ইউনিয়ন পরিষদের জন্য নিম্নরূপ আদর্শ কর তফসিল প্রাক-প্রকাশ করিল, এবং ইহা সম্পর্কে কোন ব্যক্তির কোন আপত্তি বা পরামর্শ থাকিলে, উহা এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশিত হইবার তিন মাসের মধ্যে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করিতে পারিবেন, যথা :—

১। **শিরোনাম ও প্রয়োগ।**—(১) এই কর তফসিল "ইউনিয়ন পরিষদ আদর্শ কর তফসিল, ২০১২" নামে অভিহিত হইবে।

(২) ইহা দেশের সকল ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই তফসিলে—

(ক) "আইন" অর্থ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন);

(খ) "ইমারত" অর্থ আইনের ধারা ২(৪) এ সংজ্ঞায়িত ইমারত;

(ঘ) "পরিষদ" অর্থ আইনের ধারা ২(৩১) এ সংজ্ঞায়িত পরিষদ।

